<u>মূল শব্দাবলী</u>
আহলুজ যিকর
জ্ঞান
চক্র
প্রজন্ম

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**11 July 2025 / 15 Muharram 1447H**

## <u>আহলুজ যিকরঃ একটি  সমন্বিত দৃষ্টিভঙ্গী</u>

**اَلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِي أَحَاطَ بِكُلِّ شَيْءٍ عِلْمًا، وَأَحْصَىٰ كُلَّ شَيْءٍ عَدَدًا، لَهُ مَا فِي ٱلسَّمَاوَاتِ وَمَا فِي ٱلْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَمَا تَحْتَ ٱلثَّرَى، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللهِ، ٱتَّقُوا ٱللهَ. قَالَ تَعَالَى فِي التَّنْزِيْلِ: يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ.**

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমতপ্রাপ্ত সম্মানিত সুধী,**

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি যিনি এই বিপুলা বিশ্বের সবকিছু প্রদান করেছেন তাঁর প্রতি তাকওয়া দৃঢ় করুন। তাঁর দেয়া সকল আদেশ শিরোধার্য করুন এবং তাঁর দেয়া নিষেধাজ্ঞাগুলি থেকে নিজেকে দূরে রাখুন। আর এই সকল কাজ করবেন একটি খাঁটি ও প্রগাঢ় ধর্মীয় জ্ঞান থেকে।

**প্রিয় মুসলমানবৃন্দ,**

যদি আমি আপনাকে প্রশ্ন করে থাকি যে আজ জোহর নামাজের সময়সূচী, ইসলামিক শাস্ত্র অনুযায়ী সঠিক ছিল কি-না, আপনার উত্তর কি হবে? যদি বলেন, হ্যা, ঠিক ছিল তবে তা আপনি কোন আইন মোতাবেক বলছেন? আর যদি বলেন , না ঠিক ছিলনা, তাহলে সেটাই বা কেন বলছেন?

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা পবিত্র কোরান শরীফের সুরা আল নহলের ৪৩ নম্বর আয়াতে ইরশাদ করেছেন,

فَسْـَٔلُوٓاْ أَهْلَ ٱلذِّكْرِ إِن كُنتُمْ لَا تَعْلَمُونَ ﴿٤٣﴾

অর্থঃ আর তোমার আগে আমরা মানুষদের ছাড়া অন্য কাউকে পাঠাই নি যাদের কাছে আমরা প্রত্যাদেশ দিয়েছিলাম, অতএব তোমরা স্মরণীয় গ্রন্থপ্রাপ্তদের জিজ্ঞেস কর যদি তোমরা জানো না,

আমি নিশ্চিত, আপনাদের মধ্যে অনেকেই এই আয়াতটি অতীতে শুনেছিলেন। এবং আপনারা এর মধ্যে যে বার্তাটি তিনি প্রেরণ করেছেন তা-ও বুঝেছেন।

আমাদের প্রশ্নগুলি তাঁদেরকে করতে নির্দেশ দেয়া আছে যাঁরা এ বিষয়ে অধিক জ্ঞান রাখেন। যে উদাহরণটি এখানে দিলাম এর অর্থ হলো এইসব প্রশ্নের উত্তরের জন্য আমাদের উচিত সেই বিষয়ে বিশেষজ্ঞ ইসলামী জ্যোতর্বিদগণকে প্রশ্ন করা। কারণ, তাঁরাই সেই সব মানুষ যাঁরা হিসাব গণনাবিজ্ঞানে পারদর্শী এবং তাঁরাই সকল নামাজের সময় নির্ধারণ করে থাকতেন।

আমার পরের প্রশ্নঃ আমরা যদি সবাই এই প্রশ্নকর্তার ভূমিকা পালন করে থাকি এবং আর কেউই তাহলে আহলুজ জিকির , অধিক জ্ঞানসম্পন্ন হতে আগ্রহী হবেন না তখন কি হবে? এর উত্তর হলো, এই কাজের ক্ষেত্রে আমরা একদিন জ্ঞানী লোকেদের মারাত্মক সংকটের মুখোমুখি হবো।

আমরা সবাই শুধু গ্রহণই করে যাবো, কোথাও কোন অবদান রাখতে পারব না। অথচ, ইসলামের যে জ্ঞানচক্রের কথা কল্পনা করা হয়েছে , এটা তা নয়।

আমাদেরকে অবশ্যই হতে হবে জ্ঞানসম্পন্ন বিশ্বাসী- এই জ্ঞান তুলে ধরতে বা সম্মানিত করতে  হবে যখন এই শক্তিশালী করতে হবে শুধু আজকের প্রজন্মের মানুষের উপকারের জন্য নয়, ভবিষ্যতের মানুষের জন্যও বটে।, সম্মানিত করতে হবে যখন একটি মজবুত শক্তিশালী প্রজন্ম আমাদের সামনে চলে আসছে। আর এইটাই হলো আজকের খুতবার মূল বিষয়বস্তু।

**সম্মানিত ভাইয়েরা,**

কয়েকদিন আগেই আমরা একজন ধর্মীয় বিষয়ে বিশেষজ্ঞ ধর্মীয় নেতা, সিঙ্গাপুরের দ্বিতীয় মুফতি শেখ সাইয়েদ এষা সেমায়েত মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার নিকট প্রত্যাবর্তন করেছেন। আপনারা কি জানেন যে তাঁর অনেকগুলি সক্ষমতার একটি হলো ইসলামিক জ্যোতিবিদ্যা বিষয়ক পাঠ অধ্যয়ন করতেন এবং এই বিষয়ে তাঁর দক্ষতা নিয়মিত পরিশীলিত করতেন?

প্রকৃতপক্ষে, তিনিই ছিলেন এই অঞ্চলের মধ্যে একমাত্র মুফতি যিনি তাঁর নিজের কাজের ক্ষেত্রে দক্ষতা অর্জন করেছিলেন। সত্তর দশকের মাঝামাঝি থেকে প্রয়াত শেখ সাইয়দ ইসা তাঁর বিপুল জ্ঞান ও অভিজ্ঞতাকে মূলধন করে অন্যান্য জ্ঞানী মানুষ ও ফতোয়া কমিটির আলেমগণের নিকট সিঙ্গাপুরের ইসলামিক ক্যালেণ্ডার নির্ধারণ করার জন্য জ্যোতির্বিদ্যা বিষয়ক হিসাব গণনা করার প্রস্তাব দিতেন এবং সেসব বিষয়ে আলোচনা করতেন।

এর মূল কারণ ছিল সিঙ্গাপুরের ভৌগলিক ও পরিবেশগত অবস্থান। প্রায়শই মেঘে ঢেকে থাকার কারণে এবং গুরুতর আলোকদূষণ থাকায় পশ্চিম দিগন্তে চাঁদ দেখা প্রায়ই অসম্ভব হয়ে পরে।

আর ঠিক এই কারণেই তিনি ফালাকে তাঁর দক্ষতা লালন করে তার উন্নয়ন সাধন করার তাগিদ অনুভব করেছিলেন। যদিও আমরা সৌভাগ্যবান যে এই লাইনে আমরা নতুন প্রজন্মের অনেককে পেয়েছি, এখন আমাদের পরবর্তী পদক্ষেপ হবে খুব সুকৌশলে আমাদেরকে সম্মিলিতভাবে বিশেষজ্ঞতা অর্জনের কথা

বিবেচনা করতে হবে। আর এটা এমন একটা প্রত্যয় এবং স্পৃহা নিয়ে করা হয়েছিল যে এই ধরণের দক্ষতা অর্জনের প্রচেষ্টা অবশ্যই চলমান রাখতে হবে।

মুসলমান সম্প্রদায়ের একজন হয়ে আমাদের অবশ্যই  জ্ঞানের উপকারী চক্র্টা দেখা উচিত। আহলুজ জিকিরের ইকোসিস্টেম টাও তৈরী করা উচিত কারণ এরা উভয়েই  একটি আস্থা ও একটি দৃষ্টিভঙ্গী যা আমাদের বাঁচিয়ে রাখা উচিত। আমাদের উচিত পরবর্তী একটি প্রজন্ম তৈরী করা যাঁরা গভীরভাবে ইসলামী জ্ঞানসম্পন্ন এবং ভবিষ্যতের সমস্যা মোকাবেলায় সমর্থ।

আমাদের বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল এবং অঙ্কের বিষয়েও আরো অধিক সংখ্যক মুসলমান বিশারদ লালন করা উচিত, যাতে তারা ইসলামের নীতি এবং পেশাগত দক্ষতা অর্জনের মাধ্যমে কখনো কোন সমস্যা দেখা দিলে  তারা তা প্রতিহত করতে পারবে।

**আল্লাহর আশীর্বাদপ্রাপ্ত সুধী,**

এই রূপকল্প অর্জন করার জন্য, আজকের খুতবায় দুইটি পরামর্শ দেয়া হবে।

**প্রথমতঃ** পরিবার ও বন্ধুমহলে ইসলামিক জ্ঞানের অন্বেষণকে উৎসাহিত করা

আমাদেরকে অবশ্যই স্বীকার করতে হবে যে উপকারী জ্ঞানের সংস্কৃতিকে প্রচার করার কাজে প্রত্যেক ব্যক্তিরই ভূমিকা আছে। আমদের আশেপাশে যাঁরা আছেন তাঁদের সবাইকে মুসলিম পণ্ডিত বা আহলুজ-জিকির এর অংশ হওয়ার জন্য অনুপ্রাণিত করতে হবে। “আমাদের আশেপাশে যাঁরা আছেন” বলতে আমরা আমাদের পরিবারের সদস্য ও বন্ধুদের বুঝাচ্ছি।

আমাদের আরও উচিত জ্ঞানের প্রতি প্রগতিশীল ভালবাসার চর্চা অব্যাহত রাখা ততদিন পর্যন্ত যতদিন না তা আমাদের সামাজিক জীবনে একটা অভ্যাসে পরিণত হয় ও পছন্দের অংশ হিসাবে পরিগণিত হয়, এবং তা পরবর্তী প্রজন্মে সঞ্চালিত হয়।

বস্তুতঃ পরিবারে ও বন্ধুত্বে গভীর বন্ধনের মধ্যে ইতিবাচক দৃষ্টিভঙ্গী তৈরি করা এবং অন্যদেরকে এই মহতী পথ অনুসরণ করতে অনুপ্রাণিত করার অনেক সম্ভবনা আছে।

**উপস্থিত প্রিয় সুধী,**

দ্বিতীয় উপদেশঃ সামর্থ্য অনুযায়ী জ্ঞানের বিকাশে অবদান রাখা

আসুন নিরন্তর জ্ঞানের অন্বেষণ করার মধ্য দিয়ে এবং জ্ঞানলব্ধ অভিজ্ঞতাকে সমাজের কাজে লাগিয়ে আমরা কৃতজ্ঞতাবোধ ও দায়িত্ববোধের পরিচয় দেই।

যদি তা সরাসরি করা না যায়, তাহলে জ্ঞানগর্ভ এই উক্তিটি বিবেচনা করুনঃ একজন পণ্ডিত হও, অথবা জ্ঞান অন্বেষণকারী হও, অথবা জ্ঞানপ্রেমী হও, অথবা জ্ঞানের আলোচনায় শ্রোতা হও। কিন্তু পঞ্চম কিছু হয়ো না, কারণ তা হলে তুমি ধ্বংস হয়ে যাবে। অন্য ভাবে বলা যায়, আমরা আন্তরিক পরামর্শ দিয়ে, উৎসাহ দিয়ে, অথবা দ্রব্যবস্তু দিয়ে অন্যকে সহায়তা করতে পারি। বস্তুতঃ অন্য একজনের জ্ঞানের পথ উন্মোচন করাও একটা অতি উত্তম কাজ, যদি তা আন্তরিকতার সাথে করা হয়।

আল্লাহর আশীর্বাদপ্রাপ্ত প্রিয় সুধী,

আসুন, আমরা সবাই মিলে একটা আহলুজ-জিকির প্রজন্ম তৈরী করি যারা আমাদের ধর্মের জন্য, আমাদের জন্য, ও আমাদের জাতির জন্য সম্মান নিয়ে আসবে। আসুন হাত তুলে প্রার্থনা করি যেন আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদের মধ্যে, আমাদের পরিবারের সদস্যদের মধ্যে, এবং বৃহত্তর সমাজের সকলের মধ্যে তাকওয়ার চেতনা সঞ্চার করেন।

আমিন ইয়া রাব্বাল আলামিন

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا ٱلْمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ

عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اَللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلاَمَ وَالأَمْنَ وَالأَمَانَ لِلْعَالَمِ كُلِّهِ وَلِلنَّاسِ أَجْمَعِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.